316

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG ৩ 1999 ... ...
পৃঃ ৮ কলাম ৬

## অবিলম্বে চট্টঃ বিশ্ববিদ্যালয় খুলে দেয়া না হলে তীব্র আন্দোলন গড়ে তোলা হবে
### —ইসলামী ছাত্রশিবির

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সোমবার বিকেলে চট্টগ্রাম প্রেসক্লাবে আহূত এক সাংবাদিক সম্মেলনে ইসলামী ছাত্রশিবির নেতৃবৃন্দ বলেছেন, অনতিবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়া না হলে তীব্র গণআন্দোলন গড়ে তোলা হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিবির সভাপতি মুজিবুর রহমান মঞ্জু সংবাদ সম্মেলনে বক্তব্য পাঠ করেন। এ সময় ছাবের আহমদ, আবদুল হান্নান, সহিদুল ইসলাম, সাবেক ভিপি সৈয়দ করিম, শেখ নাসির, কবীর হোসাইন, শফিকুল ইসলাম বিপ্লব প্রমুখ উপস্থিত ছিলেন।

পাঠিত বক্তব্যে শিবির সভাপতি মঞ্জু বলেন, ছাত্রলীগ সন্ত্রাসীদের হাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মচারী, পুলিশ এমন কি গাছ পর্যন্ত নিরাপত্তাহীন। গত ৩ বছরে তারা শিবির নেতা জোবায়েরসহ ৬ জন ছাত্র খুন ও শতশত ছাত্রকে আহত করেছে। আর ছাত্রলীগের এই তাণ্ডবলীলায় ইন্ধন যুগিয়ে যাচ্ছে আওয়ামী প্রশাসন। প্রশাসনের খুনী ও সন্ত্রাসী তোষণনীতির কারণে ক্যাম্পাস হয়ে পড়েছে ছাত্রলীগ ক্যাডারদের হাতে জিম্মি।